



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bd  
email: dinajpureducationboard@gmail.com



## বিদেশী কারিকুলামে পরিচালিত বেসরকারী বিদ্যালয়ের নিবন্ধন নবায়ন সনদ

তারিখঃ

স্মারক নং-

প্রত্যয়ন করা যাচ্ছে যে, স্কলার্স ইন্টারন্যাশনাল স্কুল মিশন রোড, দিনাজপুর কে “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল’স অর্ডিন্যান্স” ১৯৬২ (Ordinance No.xx of 1962) প্রদত্ত ক্ষমতা বলে প্রণীত বিদেশী কারিকুলামে পরিচালিত বেসরকারী বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর. ও নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৪-এর উপ-ধারা (০২) এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়টির নিবন্ধন ০১/০১/২০১৫ হতে ৩১/১২/২০১৭ ইং এবং ০১/০১/২০১৮ হতে ৩১/১২/২০২০ ইং তারিখ পর্যন্ত (মাধ্যমিক পর্যায় ‘ও’ লেভেল) নবায়ন করা হলো। উক্ত বিদ্যালয়ের নিবন্ধন প্রতি (০৩) তিন বছরের মেয়াদে নবায়ন যোগ্য হবে। বিধিমালা উল্লিখিত শর্ত সমূহ ছাড়াও উক্ত বিদ্যালয় কে নিম্ন বর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

### শর্তসমূহ

- উল্লিখিত বিধিমালার ধারা ১০ এর উপধারা ২ ও ৫ মোতাবেক বিদ্যালয় এর সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে নির্ধারিত টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলে টাকা স্থায়ী আমানত/সঞ্চয় পত্র হিসেবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙ্গানো বা উত্তোলন করা যাবে না।
- বিদ্যালয়ের শিক্ষক কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধি মালার ধারা ১২ অনুসরণ করতে হবে।
- ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধি মালার ধারা ২৩ এর অধীনে কোন বেসরকারী স্কুলের রেজিস্ট্রেশনের আবেদন প্রত্যাখ্যাত হলে অথবা অধ্যাদেশের ধারা ৬ এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করা হলে উক্ত স্কুলের রেজিস্ট্রেশনের জন্য পুনরায় আবেদন করা যাবে।
- সংশ্লিষ্ট অডিট টিম কর্তৃক বায়িক অডিট করাতে হবে।
- প্রতি ০৩ বছর অন্তর নির্ধারিত ফি জমা প্রদান করে শিক্ষা বোর্ড থেকে বিদ্যালয়টির নিবন্ধন নবায়ন করতে হবে।
- প্রতি আর্থিক বছরে আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে।
- উক্ত বিধিমালার ধারা ৭ মোতাবেক বিদ্যালয়ে একটি ম্যানেজিং কমিটি থাকতে হবে এবং তা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ফলাফল মানসম্মত হতে হবে এবং ব্রাঞ্চ স্কুল থাকলে অব্যাহি শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে।
- শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষের অনাপত্তি থাকতে হবে।
- উক্ত বিধিমালার ধারা ১৪ মোতাবেক প্রত্যেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার উপধারা ৪ মোতাবেক নিবন্ধনের ০৫ বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে। ভাড়া বাড়িতে বিদ্যালয় প্রতিষ্ঠা করলে কমপক্ষে ৫ বছরের জন্য ভাড়ার চুক্তিনামা থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

প্রাপক

অধ্যক্ষ

স্কলার্স ইন্টারন্যাশনাল স্কুল মিশন রোড, দিনাজপুর

ডাকঃ দিনাজপুর, উপজেলাঃ সদর

জেলাঃ দিনাজপুর।

স্মারক নং-.....

তারিখঃ.....২২/১২/২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল।

- মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- পরিচালক ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- জেলা প্রশাসক, দিনাজপুর।
- উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর।
- উপজেলা নির্বাহী অফিসার, সদর, দিনাজপুর।
- সিস্টেম এনালিস্ট, দিনাজপুর শিক্ষা বোর্ড, কম্পিউটার কেন্দ্র, রাজশাহী শিক্ষা বোর্ড।
- জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, দিনাজপুর।
- আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মোঃ আবু হেনা মোস্তফা কামাল)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর